গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
প্রচার ও প্রকাশনা শাখা
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং- ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৩.২৪. ৯৪৭(৮)

তারিখ: ২৪/০৭/২০২৪।

বিষয়ঃ জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়ন সংক্রান্ত।

সূত্র: ১। পউসবি এর স্মারক নং: ৪৭.০০.০০০০.০৩২.২৩.০১২.২০.২২৮; তারিখ: ২৩/০৫/২০২৪।
২। পউসবি এর স্মারক নং: ৪৭.০০.০০০০.০৩২.২২.০০৮.২২.৩১৭; তারিখ: ১৬/০৭/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর ৩ নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী ১৩টি জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৩ (তিন) জন সমবায়ী (কমপক্ষে ১জন মহিলা) নির্বাচন সংক্রান্ত বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে পৃথক পৃথক তালিকা পর্যায়ক্রমে উপজেলা, জেলা ও বিভাগীয় কমিটির মাধ্যমে সমবায় অধিদপ্তরে প্রেরণ করতে হবে। শ্রেষ্ঠ সমবায় সমিতি এবং শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

১. উপজেলা কমিটি জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ এর ৬নং অনুচ্ছেদ দফা ৬.১ অনুযায়ী আবেদন ফরমের মাধ্যমে আবেদনকৃত সমবায় সমিতি ও সমবায়ী মনোনয়নের জন্য আগামী ১২/০৮/২০২৪ তারিখের মধ্যে প্রাথমিক বাছাই সম্পন্ন করবে এবং সমবায় সমিতি ও সমবায়ীর তথ্য মূল্যায়ন ছকে পুরণপূর্বক পরবর্তী ধাপের জন্য প্রস্তুতি গ্রহণ করবে।
২. উপজেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ২২/০৮/২০২৪ তারিখের মধ্যে ২০২৩ সনের জন্য মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা জেলা কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
৩. জেলা কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ০১/০৯/২০২৪ তারিখের মধ্যে উল্লিখিত বছরের মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা বিভাগীয় কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;
৪. বিভাগীয় কমিটি বাছাই কাজ সম্পন্ন করে আগামী ১২/০৯/২০২৪ তারিখের মধ্যে সমবায় অধিদপ্তরের মাধ্যমে জাতীয় কমিটির বরাবরে মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ীর তালিকা (০৫) পাঁচ প্রস্ত প্রেরণ নিশ্চিত করবে;
৫. বিভাগীয় কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর তালিকার Soft কপি পেনড্রাইভের মাধ্যমে প্রেরণ নিশ্চিত করবে;
৬. তালিকা প্রণয়নে এতদসঙ্গে সংযুক্ত ছকটি MS Word এ ইউনিকোড nikosh ফন্ট ব্যবহার করে লিগ্যাল সাইজ কাগজে Landscape ওরিয়েন্টেশনে টাইপ করতে হবে। কোন্ভাবেই nikosh ফন্টের সাথে অন্য কোন ফন্টের মিশ্রণ করা যাবে না।
৭. পুরস্কারের জন্য বিবেচিত সমবায় সমিতি বা সমবায়ীর জন্য ছকে সন্নিবেশিত তথ্য উপযুক্ত রেকর্ড তথা অডিট নোট দ্বারা সমর্থিত হতে হবে।
৮. জাতীয় কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত বিভাগীয় পর্যায় থেকে প্রতিটি ক্যাটাগরিতে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি/সমবায়ীদের কার্যক্রমের ৪-৫মিনিটের ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করতে হবে।

উল্লেখ্য এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়গণকে আলাদাভাবে আধা-সরকারি পত্র প্রেরণ করা হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ প্রস্ত ছক।

২৪/৭/২৪
মোঃ শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd

যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমবায় কার্যালয়
বিভাগীয় সদর দপ্তর, ৭ম তলা
উত্তর ইউনিট, উত্তম, রংপুর-৫৪০০।
www.coop.rangpurdiv.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন"

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.৩২১.২৩.০০১.২৪.৪৪১

পত্রের পৃষ্ঠাংকন পূর্বক এতদসংগে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী জাতীয় সমবায় পুরস্কার,২০২৩ প্রদানের নিমিত্তে জাতীয় পুরস্কার নীতিমালা,২০২৪ এর ৩ নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৩জন সমবায়ী(কমপক্ষে ১জন মহিলা) কে মনোনয়নের জন্য বলা হলো। পৃষ্ঠাংকনকৃত পত্রে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতঃ নিম্নবর্ণিত নির্দেশনা সমূহও প্রতিপালন করার জন্য বলা হলো।

১। পত্রে সংযুক্ত সমবায় অধিদপ্তর, ঢাকা কর্তৃক সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৩জন সমবায়ী(কমপক্ষে ১জন মহিলা) কে মনোনয়নের নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

২। শ্রেষ্ঠ সমবায় সমিতি ও শ্রেষ্ঠ সমবায়ী তালিকা ০১/০৯/২০২৪খ্রি. তারিখের মধ্যে বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরে প্রেরণ করতে হবে।

৩। তালিকা প্রণয়নে এতদসংগে সংযুক্ত ছকটি MS Word এ ইউনিকোড nikosh ফন্ট ব্যবহার করে লিগ্যাল সাইজ কাগজে Landscape ওরিয়েন্টেশনে টাইপ করতে হবে। কোনভাবেই nikosh ফন্টের সাথে অন্য কোন ফন্টের মিশ্রণ করা যাবে না (বিঃদ্রঃ এ কার্যালয় কর্তৃক প্রদত্ত ছকে টাইপ করতে হবে)।

৪। জেলা কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর তালিকার Soft কপি পেনড্রাইভের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরে প্রেরণ করতে হবে।

৫। জেলা কমিটি কর্তৃক মনোনীত শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ীর ছকে সন্নিবেশিত তথ্য উপযুক্ত রেকর্ড তথা অডিট নোট দ্বারা সমর্থিত হতে হবে।

৬। বিভাগীয় কমিটির সভায় উপস্থাপনের নিমিত্ত জেলা পর্যায় থেকে প্রতিটি ক্যাটাগরিতে চূড়ান্তভাবে মনোনীত সমবায় সমিতি/সমবায়ীদের কার্যক্রমের ৪-৫মিনিটের ভিডিও ডকুমেন্টারি প্রস্তুত করতে হবে।

৭। জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ ও আবেদন ফরম বিভাগীয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে আপলোড করতে হবে।

২৯-০৭-২০২৪
মৃনাল কান্তি বিশ্বাস
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক
০২৫৮৮-৮১০৩৯৬ (ফোন)
০২৫৮৮-৮১০৩৯৫ (ফ্যাক্স)
jr.rangpur@coop.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, দিনাজপুর;
২। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, গাইবান্ধা;

৬। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কার্যালয়, ঠাকুরগাঁও;

৭। জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত ), জেলা সমবায় অফিস, পঞ্চগড় এবং

৮। জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত ), জেলা সমবায় অফিস, নীলফামারী।

**স্মারক নম্বর:** ৪৭.৬১.০০০০.৩২১.২৩.০০১.২৪.৪৪১/১ (১)

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। মো. জালাল উদ্দিন খন্দকার, সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুর। (জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৪ ও আবেদন ফরম বিভাগীয় সমবায় কার্যালয়, রংপুরের ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)।

২৯-০৭-২০২৪
মৃনাল কান্তি বিশ্বাস
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৩.২৪.১৪৭(৮) - জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর জন্য শ্রেষ্ঠ সমবায় সমিতি/শ্রেষ্ঠ সমবায়ী মনোনয়ন সংক্রান্ত

(২) IMG_20240728_0001

(৩) আবেদন ছক

(৪) সমবায় সমিতি মূল্যায়ন ছক

(৫) সমবায়ী মূল্যায়ন ছক

(৬) নির্দেশনা পত্র

(৭) সমবায় সমিতি মূল্যায়ন ছক

(৮) সমবায়ী মূল্যায়ন ছক

(৯) পুরস্কার নীতমালা, ২০২৪